জনকণ্ঠ

তারিখ 188 JUNN 2035
পৃষ্ঠা ১৪ কলাম 2

# চসিকের ৯ বিদ্যালয়ের কার্যক্রম ব্যাহত

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ নির্মাণ কাজে ব্যাহত হচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) ৯ স্কুলের শিক্ষা কার্যক্রম। নতুন ভবনের নির্মাণ কাজ শুরু হওয়ায় এসব স্কুলের শিক্ষার্থীদের নিজেদের স্কুলে গাদাগাদি করে অথবা অন্য স্কুলে গিয়ে মর্নিং শিফটে ক্লাস করতে হচ্ছে। এতে একদিকে শিক্ষার্থীদের সময় অপচয় হচ্ছে, অন্যদিকে গাদাগাদি করে ক্লাস করতে হয় বলে ক্লাসের প্রতি তাদের অনীহা বাড়ছে।

অপরদিকে সিটি করপোরেশনের গড়িমসির কারণে শিক্ষার্থীদের এ ভোগান্তি আরও দীর্ঘায়িত হচ্ছে। কর্পোরেশন থেকে নিয়মিত অর্থ ছাড় না পাওয়ায় নির্মাণ কাজ বন্ধ করে দিয়েছেন ঠিকাদাররা। ফলে নির্ধারিত সময়ে নির্মাণ কাজ শেষ না হওয়ায় পরিত্রাণ মিলছে এসব শিক্ষার্থীদের।

সংশ্লিষ্ট ঠিকাদাররা জানান, নির্মাণ কাজ বন্ধ না করে আমাদের উপায় নেই। বার বার চাওয়ার পরও অর্থ ছাড় মিলছে না। গত চার-পাঁচ মাস ধরে কর্পোরেশন থেকে কোন অর্থ ছাড় দেয়া হয়নি। নিজেদের অর্থে আর কতদিন কাজ চালিয়ে যাবেন? নিয়মিত অর্থ ছাড় না হলে নির্মাণ বিলম্বিত হবে বলে জানিয়েছেন তারা।

এ বিষয়ে সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কাজী মোঃ শফিউল আলম বলেন, 'তহবিল স্বল্পতায় ঠিকাদারদের পেমেন্ট সাময়িক স্থগিত রয়েছে। তহবিল সংগ্রহ করে খুব শীঘ্রই কাজ শুরু করা হবে।' মেয়র এ বিষয়ে সংশ্লিষ্টদের আশ্বস্ত করেছেন।

## অর্থের অভাবে নির্মাণ কাজ বন্ধ

প্রধান শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ শহীদুল্লাহ বলেন, নির্মাণ কাজ চলায় শিক্ষা কার্যক্রম কিছুটা বিঘ্নিত হচ্ছে। যত দ্রুত স্কুল ভবন নির্মাণ হবে ততই ছাত্র-ছাত্রীরা নিরবচ্ছিন্নভাবে ক্লাস করতে পারবে। এটা আমরাও চাই। আশা করছি শীঘ্রই এ সমস্যার সমাধান হবে।

খোঁজ নিয়ে জানা গেছে, কদম মোবারক সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়ের ক্লাস হচ্ছে গুল-এজার বেগম বালিকা উচ্চ বিদ্যালয়ে, বাগমনিরাম সিরাজা খাতুন উচ্চ বিদ্যালয়ের ক্লাস হচ্ছে বাগমনিরাম আব্দুর রশিদ বালক উচ্চ বিদ্যালয়ে, গোসাইলডাঙ্গা কেবিএএইচ দোভাষ বালিকা উচ্চ বিদ্যালয়ের ক্লাস হচ্ছে স্থানীয় এমপিওভুক্ত স্কুল বারিক মিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ে, উত্তর আগ্রাবাদ সিটি করপোরেশন কিন্ডারগার্টেনের ক্লাস হচ্ছে ২৪ নম্বর ওয়ার্ড অফিসে, অর্পণাচরণ বালিকা উচ্চ বিদ্যালয়ের ক্লাস হচ্ছে কৃষ্ণ কুমারী বালিকা উচ্চ বিদ্যালয়ে। এছাড়া আরও কয়েকটি স্কুলে নির্মাণ কাজ চলায় ওই প্রতিষ্ঠানগুলোতেও শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। এগুলোর মধ্যে রয়েছে পূর্ব বাকলিয়া বালক উচ্চ বিদ্যালয়, জামাল খান কুসুম কুমারি বালিকা উচ্চ বিদ্যালয়, লামা বাজার এ এ এস বালক উচ্চ বিদ্যালয় ও ফতেয়াবাদ বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়।